

উপাচার্যের সাথে জগন্নাথ বিশ্ববিদ্যালয় নীলদলের নবগঠিত কমিটি (২০১৮-২০১৯)
এর সৌজন্য সাক্ষাত



১ আগস্ট, ২০১৮ বুধবার সকাল ১০.৩০ টায় বঙ্গবন্ধুর আদর্শ , বাঙালী জাতীয়তাবাদ, অসাম্প্রদায়িকতা এবং মুক্তিযুদ্ধের চেতনা ও মূল্যবোধে বিশ্বাসী প্রগতিশীল শিক্ষকবৃন্দের সংগঠন জগন্নাথ বিশ্ববিদ্যালয় নীলদলের কার্যনির্বাহী পর্ষদ (২০১৮-২০১৯) এর নবগঠিত কমিটির সভাপতি অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া ও সাধারণ সম্পাদক ড. মোস্তফা কামালের নেতৃত্বে কমিটির সদস্যবৃন্দ উপাচার্যের সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হয়। উপাচার্য এসময় নবগঠিত কমিটিকে অভিনন্দন জানান এবং বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে একসাথে কাজ করার জন্য সকলকে আহ্বান জানান। এসময় বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।